

টুঙ্গীপাড়ায় বিএমএ'র ফ্রি মেডিকেল ক্যাম্প

বিশেষ সংবাদদাতা



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮ তম শুভ জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে টুঙ্গীপাড়ায় ফ্রি মেডিকেল পরিচালনা করেছে বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশন (বিএমএ)।

মঙ্গলবার গোপালগঞ্জের গিমাডাঙ্গা টুঙ্গীপাড়া সরকারি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে দিনব্যাপী বিনামূল্যের এ বিশেষজ্ঞ মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়। সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত এ ক্যাম্পে প্রায় ৩ হাজার মানুষের বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসা সেবা ও ব্যবস্থাপত্র দেওয়া হয়। একই সঙ্গে প্রায় আড়াই হাজার মানুষের ডায়াবেটিস পরীক্ষা, একহাজার জনের রক্তের গ্রুপ নির্ণয় ও বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধও দেওয়া হয়েছে।

প্রেস বিজ্ঞপ্তিতে বিএমএ-এর প্রচার ও জনসংযোগ সম্পাদক মাহবুবুর রহমান বাবু জানান, বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মো. ইহতেশামুল হক চৌধুরীর নেতৃত্বে দেশের খ্যাতনামা বিশেষজ্ঞ চিকিৎসকের সমন্বয়ে মোট ১৫টি বিশেষায়িত বিষয়ে (মেডিসিন, বাতজ্বর, সার্জারি, চক্ষু, হৃদরোগ, শিশু রোগ, রেসপিরেটরি মেডিসিন, চর্ম ও যৌন, নিউরো মেডিসিন ও নিউরো সার্জারি, কিডনি, ইউরোলজি, অর্থোপেডিক সার্জারি, স্ত্রী ও প্রসূতি বিদ্যা এবং নাক-কান-গলা বিভাগ) বিশেষজ্ঞরা চিকিৎসা প্রদান করেন।

বিশেষজ্ঞ চিকিৎসকরা হলেন- অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ (মেডিসিন), অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া (নিউরো সার্জারি), অধ্যাপক ডা. সৈয়দ আতিকুল হক (বাতজ্বর), অধ্যাপক ডা. আব্দুল গণি মোল্লাহ (অর্থোপেডিক সার্জারি), অধ্যাপক ডা. মীর জামাল উদ্দিন (হৃদরোগ), অধ্যাপক ডা. সালেহা বেগম (স্ত্রী ও প্রসূতি), অধ্যাপক ডা. তপন কুমার সাহা (সার্জারি), অধ্যাপক ডা. মো. জাহিদ হোসেন (শিশু), অধ্যাপক ডা. মো. আবু ইউসুফ ফকির (নাক-কান-গলা) প্রমুখ।

টুঙ্গিপাড়ায় ফ্রি মেডিক্যাল ক্যাম্প

১৫ জুলাই (১৫ জুলাই) :



টুঙ্গিপাড়ায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস উপলক্ষে মঙ্গলবার বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশন (বিএমএ) ফ্রি মেডিক্যাল ক্যাম্প করেছে।

টুঙ্গিপাড়া জিটি স্কুল মাঠে এ ক্যাম্পের উদ্বোধন করেন আয়োজক সংগঠন বিএমএ কেন্দ্রীয় কমিটির সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন। উদ্বোধনী অনুষ্ঠানে আয়োজক সংগঠনের সাধারণ সম্পাদক ডা. ইহতেশামুল হক চৌধুরী দুলাল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ভিসি কামরুল হাসান খান, বিএমএ কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ডা. কণক কান্তি বড়ুয়া প্রমুখ বক্তব্য রাখেন। এ ক্যাম্পে ১২০ জন বিশেষজ্ঞ চিকিত্সক ও হাজার রোগীকে চিকিত্সা সেবা দেন।

টুঙ্গিপাড়ায় মেডিকেল ক্যাম্প



মনোজ সাহা, গোপালগঞ্জ

গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মদিন উপলক্ষে বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন (বিএমএ) ফ্রি মেডিকেল ক্যাম্প করেছে। মঙ্গলবার সকালে টুঙ্গিপাড়া জিটি স্কুল মাঠে এ ক্যাম্পের উদ্বোধন করেন বিএমএ কেন্দ্রীয় কমিটির সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ডা. ইহতেশামুল হক চৌধুরী দুলাল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভিসি কামরুল হাসান খান, বিএমএ কেন্দ্রীয় কমিটির সহসভাপতি ডা. কনক কান্তি বড়ুয়া প্রমুখ।

মেডিকেল ক্যাম্পে ১২০ বিশেষজ্ঞ চিকিৎসক তিন হাজার রোগীকে ফ্রি চিকিৎসা সেবা প্রদান করেন। রোগী গিমাডাঙ্গা গ্রামের আলী নূর হোসেন বলেন, এ মেডিকেল ক্যাম্প দেশের প্রখ্যাত চিকিৎসকরা চিকিৎসা সেবা দিয়েছেন। আমরা উপকৃত হয়েছি।

গোপালগঞ্জের সিভিল সার্জন ডা. চৌধুরী শফিকুল আলম বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উপলক্ষে বিএমএ এ ক্যাম্পের আয়োজন করেছে। গোপালগঞ্জ জেলাসহ আশপাশের জেলার তিন হাজার রোগী এখান থেকে চিকিৎসা গ্রহণ করেছেন। তাদের বিনামূল্যে ওষুধ দেওয়া হয়েছে।

বিএমএ কেন্দ্রীয় কমিটির সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন বলেন, প্রধানমন্ত্রীর সঙ্গে পরামর্শ করেই আমরা এখানে ১২০ বিশেষজ্ঞ চিকিৎসক দিয়ে এ ক্যাম্প করেছি। ব্যাপক সাড়া পেয়েছি। আগামীতে এ ক্যাম্প অব্যাহত রাখা হবে।